ইত্তেফাক

তারিখ ২৬।১১।৮৩
পৃষ্ঠা... ...কলাম...

370

039

# ভর্তি পরীক্ষায় অনিয়মের অভিযোগ

রাঙ্গামাটি (পার্বত্য চট্টগ্রাম), ২৪শে নভেম্বর (নিজস্ব সংবাদদাতা)—রাঙ্গামাটিতে চিকিৎসা সহকারী প্রশিক্ষণ বিদ্যালয়ে ছাত্র ভর্তির ক্ষেত্রে অনিয়মের অভিযোগ পাওয়া গিয়াছে।

জানা যায়, গত ৫ই নভেম্বর রাঙ্গামাটি সদর হাসপাতালে চিকিৎসা সহকারী প্রশিক্ষণ বিদ্যালয়ে ছাত্র ভর্তির জন্য পরীক্ষা গ্রহণ করা হয়। প্রায় দুইশত ছাত্রছাত্রী পরীক্ষায় অংশগ্রহণ করে। বিজ্ঞপ্তিতে দ্বিতীয় বিভাগে এস, এস, সি পাশ এবং পার্বত্য চট্টগ্রামের স্থায়ী বাসিন্দার প্রত্যয়নপত্র চাওয়া হইয়াছিল। কিন্তু ভর্তির সময় অধিকাংশ ক্ষেত্রে বিজ্ঞপ্তির নিয়ম-কানুন ভঙ্গ করিয়া অন্য জেলার ছাত্র ছাত্রীদের ভর্তি করা হয় বলিয়া অভিযোগ পাওয়া গিয়াছে। অভিযোগে প্রকাশ, যাহাদের ভর্তি করা হয়, তাহাদের তিন-চতুর্থাংশই মিথ্যা সার্টিফিকেটধারী। অর্থলোভী একটি বিশেষ মহলের কারসাজিতে পার্বত্য চট্টগ্রামের ছাত্র-ছাত্রীদের বাদ দিয়া ভুয়া সার্টিফিকেটধারীদের ভর্তি করা হয় বলিয়া অভিযোগ পাওয়া গিয়াছে। ওয়াকিফহাল মহল মনে করেন, এই জেলার ছাত্র-ছাত্রীদের স্বার্থের কথা বিবেচনা করিয়া পুনরায় নির্বাচনী পরীক্ষা অনুষ্ঠানের ব্যবস্থা করা দরকার।

এ ব্যাপারে হাসপাতালের সিভিল সার্জন জানান, যাহাদিগকে নেওয়া হইয়াছে তাহাদের কাগজপত্র সঠিক দেখিয়া কমিটির সদস্যরা সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন।